রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ৪৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৪, ২০২৫

## সূচীপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম | খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১১২১—১১২৪ |
| ২য় | খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৭২৯—১৭৫৯ |
| ৩য় | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম | খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫০৯—১৫১৯ |

| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ৭ম | খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম | খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৫—৪৬ |
| | **ক্রোড়পত্র—সংখ্যা** | নাই |
| (১) | . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) | . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | ............................ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/০৯ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১৩০২**—এতদ্দ্বারা আদিষ্ট হয়ে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট-এর সুপারিশের প্রেক্ষিতে লালমনিরহাট সদর থানার মামলা নং-৬০, তারিখ: ২২-০৬-২০২৫ খ্রি. মামলাটির অভিযুক্তের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০-এর ১২০-খ/২৯৫-ক/২৯৮ ধারামতে অভিযোগ দাখিলের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৬ (ক) ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**

সিনিয়র সহকারী সচিব।

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/১২ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১১২৩**—যেহেতু, জনাব মির্জা সালাহউদ্দিন, পিপিএম (বিপি-৮২১২১৪৭৭২৭), উপ-পরিচালক (অ্যাডিশনাল এসপি), পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-কে গত ২৮-১০-২০২৫ খ্রি. তারিখ আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর Memo No-Anto:Apo:Tri:-1/851/2024 Date: 27-10-2024 ওয়ারেন্টমূলে কাফরুল থানা পুলিশ কর্তৃক গ্রেফতার করে আদালতে প্রেরণ করা হয়;

সেহেতু, জনাব মির্জা সালাহউদ্দিন, পিপিএম (বিপি-৮২১২১৪৭৭২৭) -কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯(২) ধারার বিধান অনুযায়ী ২৮-১০-২০২৫ খ্রি. তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১১২৬**—যেহেতু, জনাব মহিউদ্দীন আহমেদ (বিপি-৮৫১৬১৮০৮২৭), অতিরিক্ত পুলিশ সুপার, দিরাই সার্কেল, সুনামগঞ্জ (সাবেক অতিরিক্ত উপপুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নং-১৬২/২০২৫) রুজু হয়েছে;

সেহেতু, জনাব মহিউদ্দীন আহমেদ (বিপি-৮৫১৬১৮০৮২৭), অতিরিক্ত পুলিশ সুপার, দিরাই সার্কেল, সুনামগঞ্জ (সাবেক অতিরিক্ত উপপুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২/ ১৬ নভেম্বর ২০২৫

নং **২৫.০০.০০০০.১২২.২৭.০২১.১৭-৪৭৮**—যেহেতু, জনাব মোহাঃ জাকির হোসেন, নির্বাহী প্রকৌশলী (সিভিল), কুষ্টিয়া গণপূর্ত বিভাগে কর্মরত থাকা অবস্থায় 'কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন' প্রকল্পের স্টাফ নার্স ডরমেটরি ভবনের ডিপিপিতে ৬ তলা ভিত বিশিষ্ট ৪ তলা ভবন হিসেবে অন্তর্ভুক্ত থাকলেও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ডিপিপি'র সংস্থানকৃত নির্মাণ কাজের Scope of Work কমিয়ে ৬ তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবনের দরপত্র আহবান কাজের সাথে সংশ্লিষ্ট ছিলেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ০২/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৯-০১-২০২২ তারিখ লিখিত জবাব দাখিল করেন এবং গত ১০-০৩-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ মন্ত্রণালয়ের প্রাক্তন যুগ্মসচিব জনাব মোঃ মোতাহার হোসেনকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১৪-০৯-২০২২ তারিখে বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে জনাব মোহাঃ জাকির হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সন্দেহাতীত প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন। ফলে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাঃ জাকির হোসেনকে ১৩-১০-২০২২ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২৬-১০-২০২২ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। প্রাপ্ত জবাবের পরিপ্রেক্ষিতে বিভাগীয় মামলাটি পুনঃতদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তাকে ২৫-০৬-২০২৩ তারিখ অনুরোধ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে দায়েরকৃত ০২/২০২১ নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) মোতাবেক 'অসদাচরণ' সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন,

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাঃ জাকির হোসেনকে ০৫-০৩-২০২৪ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২৪-০৩-২০২৪ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। প্রাপ্ত জবাব বিবেচনায় বিভাগীয় মামলাটি পুনরায় বিস্তারিত তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল মতিনকে সভাপতি, যুগ্মসচিব জনাব মোঃ জহিরুল ইসলাম খানকে সদস্য এবং উপসচিব জনাব মোহাম্মদ আব্দুল আওয়ালকে সদস্য-সচিব করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি ০১-১২-২০২৪ তারিখ গঠন করা হয়। তদন্ত কমিটি তদন্ত শেষে বিস্তারিত প্রতিবেদন দাখিল করে। প্রাপ্ত প্রতিবেদনে পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয় ও অনিয়মের অভিযোগে জনাব মোহাঃ জাকির হোসেন, তৎকালীন নির্বাহী প্রকৌশলী, কুষ্টিয়া গণপূর্ত বিভাগ প্রাথমিকভাবে দায়ী মর্মে প্রতিবেদন দাখিল করা হয়;

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলার ধারাবাহিকতা অনুসরণ করে অভিযুক্ত কর্মকর্তাকে ১৩-১০-২০২২ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২৬-১০-২০২২ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। প্রাপ্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় গুরুদণ্ড প্রদানের উদ্দেশ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ক) অনুযায়ী তাকে 'নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর উপবিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোহাঃ জাকির হোসেনকে 'নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

০৫। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ক) অনুযায়ী জনাব মোহাঃ জাকির হোসেনকে 'নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোহাঃ জাকির হোসেনকে 'নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ড আরোপের প্রস্তাবে সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

০৬। সেহেতু, জনাব মোহাঃ জাকির হোসেন, সাবেক নির্বাহী প্রকৌশলী (সিভিল), কুষ্টিয়া গণপূর্ত বিভাগ (বর্তমানে নির্বাহী প্রকৌশলী, জামালপুর গণপূর্ত বিভাগ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ (ক) অনুযায়ী 'নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

০৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/ ১৬ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৩.২৪.২৪৯**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নবর্ণিত মৌজাসমূহে ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | এরিয়া (একর) | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | সালনগর | ৩৮ | ২৪০.৯৬ | লোহাগড়া | নড়াইল |
| ২ | কামঠানা | ৭৭ | ৬৯৭.৮৫ | লোহাগড়া | নড়াইল |
| ৩ | পাঙ্খারচর | ১৪৪ | ১০৮১.৭৮ | লোহাগড়া | নড়াইল |
| ৪ | বুইজানি | ২৯ | ৩২০.৯৬ | মহম্মদপুর | মাগুরা |
| ৫ | জাঙ্গালিয়া | ৭৬ | ৪০৯.৩৩ | মহম্মদপুর | মাগুরা |
| ৬ | পশ্চিম চরবর্ণি | ৭৭ | ৬৭.০৪ | মহম্মদপুর | মাগুরা |
| ৭ | ধুপুরিয়া | ৭৮ | ২২৭.০২ | মহম্মদপুর | মাগুরা |
| ৮ | মুরাইল পশ্চিম খন্ড | ৭৯ | ৯.৮৪ | মহম্মদপুর | মাগুরা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**নির্মাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২৯ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৫৯.০০.০০০০.১৩১.৯৯.০০৭.২৩-৭৭**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন নির্মিত ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন ১৪নং রাজগাঁও ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নাম "**২১** নং ঢোলারহাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র" হিসেবে নামকরণ করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ জাকির হোসেন**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১২৮২**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর-এর সুপারিশের পরিপ্রেক্ষিতে ফরিদপুর জেলার সালথা থানার মামলা নং-১৮, তারিখ: ২৪-১২-২০২৪ খ্রি. মামলাটি 'পেনাল কোড, ১৮৬০'-এর ২৯৫ (ক) ধারামতে আদালতে বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে 'ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮'-এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩২/১৬ নভেম্বর ২০২৫

নং ৩৭.০০.০০০০.০৭৮.০৮.০১৩.২০০৩-৩০৬—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩২(১) অনুযায়ী ড. নেছার উদ্দিন আহমেদ, সহযোগী অধ্যাপক, রবার্ট স্টেম্পেল কলেজ অব পাবলিক হেলথ অ্যান্ড সোশ্যাল ওয়ার্ক, ফ্লোরিডা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, যুক্তরাষ্ট্র-কে নর্থ সাউথ ইউনিভার্সিটি, ঢাকার প্রো-ভাইস চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক) প্রো-ভাইস চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর যে কোনো সময় এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন-ভাতাদি প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধাদি ভোগ করবেন;

গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সুলতান আহ্‌মেদ**
সহকারী সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ/১৯ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.০০০.৪৩২.১৪.০০০৪.২৫-২২০**—বিশ্বব্যাংকের অর্থায়নে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন "Project Preparation Advance Under The Financial Sector Support Project-II (PPA of FSSP-II)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পভুক্ত International Consulting Firm: ICT Security Audit, Gap Assessment, and Reconmmendations for Strengthening ICT infrastructure and Systems (S2) প্যাকেজের অনুকূলে প্রাপ্ত প্রস্তাবসমূহ মূল্যায়নপূর্বক উপযুক্ত পরামর্শক ফার্ম নির্বাচনে সুপারিশ প্রদানের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি প্রস্তাব মূল্যায়ন কমিটি (PEC) গঠন করা হলো:

**প্রস্তাব মূল্যায়ন কমিটি (PEC)**

| ক্র: নং | নাম ও পদবি | সংস্থা | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট ডেপুটি গভর্নর | বাংলাদেশ ব্যাংক | সভাপতি |
| ০২ | প্রকল্প পরিচালক (নির্বাহী পরিচালক) | PPA of FSSP-II প্রকল্প, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ০৩ | নির্বাহী পরিচালক (আইসিটিডি) | বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ০৪ | প্রতিনিধি | কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) | সদস্য |
| ০৫ | প্রতিনিধি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) | সদস্য |
| ০৬ | প্রতিনিধি | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ০৭ | পরিচালক (এফএসএসএসপিডি) | উপ প্রকল্প পরিচালক, PPA of FSSP-II প্রকল্প, বাংলাদেশ ব্যাংক | সদস্য সচিব |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আমিন শরীফ**
উপসচিব।

---

**ক্ষুদ্রঋণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২/১৭ নভেম্বর ২০২৫

নং **৫৩.০০.০০০০.০০০.৪১২.১১.০০০৪.২৪-৪২৩**—জনাব সুলতান মাহমুদ বিন জুলফিকার-কে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর সংঘবিধির ৩৭ ধারার প্রদত্ত ক্ষমতাবলে এসডিএফ-এর পরিচালনা পর্ষদের সদস্য পদে তাঁর যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ অতুল মন্ডল**
উপসচিব।

---

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১ অগ্রহায়ণ, ১৪৩২/১৬ নভেম্বর, ২০২৫

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-৪৬৭**—Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর Article 9(3)(c) অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদে পরিচালক হিসেবে জনাব সাজ্জাদ জহির, এক্সিকিউটিভ ডাইরেক্টর, ইকোনমিক রিসার্চ গ্রুপ, বাংলাদেশ-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদের পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার**
উপসচিব।